

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৩৯

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৮. জানাবাতের গোসল করার নিয়ম

باب الْغُسْل مِنَ الْجَنَابَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدِ النُّفَيْلِيُّ، حَدَّثَنَا زُهَيْرٌ، حَدَّثَنَا أَبُو إِسْحَاقَ، أَخْبَرنِي سُلَيْمَانُ بْنُ صُرُدِ، عَنْ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ، أَنَّهُمْ ذَكَرُوا عِنْدَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم الْغُسْلَ مِنَ الْجَنَابَةِ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " أَمَّا أَنَا فَأُفِيضُ عَلَى رَأْسِي ثَلَاتًا ". وَأَشَارَ بِيَدَيْهِ كِلْتَيْهِمَا .

_ صحيح : ق

বাংলা

২৩৯। জুবাইর ইবনু মুত্ব'ইম (রাঃ) সূত্রে বর্ণিত। একদা তাঁরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট জানাবাতের গোসল সম্পর্কে উল্লেখ করলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ আমি আমার মাথার উপর তিনবার পানি ঢেলে থাকি। এই বলে তিনি তাঁর দু' হাতের দ্বারা ইশারা করে দেখিয়ে দিলেন।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

English

Jubair b. Mut'im reported:

People made a mention of washing because of sexual defilement before the Messenger of Allah (May peace be upon him). The Messenger of Allah (May peace be upon him) said: I pour (water) on my head three times. And he made a sign with both his hands.



ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ গোসল, অনুঃ মাথায় তিনবার পানি ঢালা, হাঃ ২৫৪) মুসলিম (অধ্যায়ঃ হায়িয, অনুঃ মাথায় ও অন্যান্য স্থানে তিনবার পানি ঢালা মুস্তাহাব) আবৃ ইসহাক সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ জুবায়র ইবনু মুত্'ইম (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন